দৈনিক ইত্তেফাক

তারিখ ...28 DEC 1998... পৃষ্ঠা ৭ কলাম ২

# মানবসম্পদ উন্নয়নে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে প্রশিক্ষণ

মোঃ নজিবুর রহমান
ভারপ্রাপ্ত রেজিষ্ট্রার বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

*পূর্ব প্রকাশিতের পর*

৪। জিটিআই এর প্রশিক্ষণ কোর্সটির অধিবেশন পরিকল্পনা এমনভাবে হয়েছিল যাতে ১ বেলা প্রশিক্ষণ শেষে অপর বেলা তারা নিজ নিজ দায়িত্ব পালন করতে পারে। কিন্তু বিভিন্ন অনুশীলন, লাইব্রেরীতে অধ্যয়ন ও পারস্পরিক আলোচনা ও ভাব বিনিময়ের স্বার্থে ১ বেলার পরিবর্তে ২ বেলা হওয়া প্রয়োজন বলেই তাদের অধিকাংশের মত এবং ভবিষ্যতে কোর্স আয়োজনের পূর্বে তাদের এই মতামতকেও বিবেচনায় রাখা দরকার।

৫। জিটিআই আয়োজিত প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কর্মকর্তা প্রশিক্ষকের দায়িত্ব পালন করেছেন। যদিও বিষয়বস্তু ও অভিজ্ঞতায় তাঁরা খুবই সমৃদ্ধ, তথাপি প্রশিক্ষণ পদ্ধতি সম্পর্কে বুনিয়াদি কলা-কৌশল তাঁদের জানা থাকলে তাঁদের প্রশিক্ষণদানের মান আরো বৃদ্ধি পেতে পারে। তাই প্রশিক্ষণ পদ্ধতি বিষয়ে আভ্যন্তরীণ প্রশিক্ষকদের জন্য স্বল্প মেয়াদী ১টি প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করা দরকার।

৬। জিটিআই-এর বর্তমান প্রশিক্ষণ কার্যক্রম ও ভৌত সুবিধাদি যেমন রিসোর্স পারসন, যানবাহন ও কম্পিউটার সুবিধা, প্রশিক্ষণ ভবন সম্প্রসারণসহ প্রশিক্ষণ সুবিধার্থে সাজ-সরঞ্জাম বৃদ্ধি করা নিতান্ত প্রয়োজন।

৭। অতীত অভিজ্ঞতায় দেখা গেছে যে, বিশ্ববিদ্যালয় কর্তৃক আর্থিক সহায়তার মাধ্যমে যেসব প্রশিক্ষণ জিটিআই-এ পরিচালিত হয় তা সহজসাধ্য ও গতিশীল করার জন্য বরাদ্দ বাজেট সুষ্ঠু সমন্বয়ের স্বার্থে সরাসরি রেজিস্ট্রার-এর নিয়ন্ত্রণে থাকা বাঞ্ছনীয়। বিশ্ববিদ্যালয়ের আর্থিক নিয়মানুযায়ী তা খরচ ও খরচ-উত্তর সমন্বয় সাধনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

৮। সামগ্রিক অবস্থার প্রেক্ষাপট বিবেচনা করে দেশের প্রতিষ্ঠিত প্রশিক্ষণ প্রতিষ্ঠান যেমন বাংলাদেশ লোক প্রশাসন কেন্দ্র, আঞ্চলিক প্রশাসন কেন্দ্র, নায়েম, নট্রামস, বার্ড, রাড, পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, বিএমডিসি, প্রেস ইনস্টিটিউট অব বাংলাদেশ এবং অন্যান্য প্রকৌশল ও কারিগরি এবং মেডিকেল বিষয়ক প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সঙ্গে অব্যাহত যোগাযোগের মাধ্যমে তাঁদের 'প্রশিক্ষণ কর্মসূচীর' সঙ্গে সমন্বয় সাধন করতঃ কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণে অংশগ্রহণের নিশ্চয়তা বিধানের মাধ্যমে প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনাসহ বিভিন্ন পেশাগত দক্ষতা বৃদ্ধি অব্যাহত রাখার প্রয়াস চালানো যেতে পারে।

৯। আধুনিক বিশ্বের উন্নততর বিশ্ববিদ্যালয় প্রশাসন ব্যবস্থাপনার সঙ্গে সামঞ্জস্য রেখে অফিস পরিচালনা ও পেশাগত মান বৃদ্ধির লক্ষ্যে আন্তর্জাতিক আর্থিক সহায়তা প্রদানকারী সংস্থার সহযোগিতায় স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ, Study visit এবং Workshop, Seminar Symposium, Conference-এ কর্মকর্তাদের যোগদানের সুযোগ-সুবিধা প্রদান করা যেতে পারে।

১০। প্রশিক্ষণ গ্রহণের পর অফিসার ও কর্মচারী যারা স্ব-স্ব কর্মক্ষেত্রে প্রশিক্ষণলব্ধ জ্ঞানের বাস্তব প্রয়োগের মাধ্যমে কৃতিত্ব ও দক্ষতার পরিচয় দেবেন তা যথাযথ প্রক্রিয়ায় মূল্যায়নের ভিত্তিতে উচ্চতর পদে নিয়োগ, পদোন্নয়ন, পর্যায়োন্নয়নসহ উৎসাহমূলক স্বীকৃতি প্রদানের ব্যবস্থা রাখা যেতে পারে।

১১। উল্লেখিত সুপারিশের আলোকে বার্ষিক প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়নসহ দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ কর্মসূচীর পরিকল্পনা ও প্রণয়ন ও আর্থিক বাজেট বরাদ্দের ব্যবস্থাকরণ এবং মাঝে মাঝে তা পর্যালোচনা ও মূল্যায়নের মাধ্যমে সুষ্ঠু প্রশিক্ষণ পরিকল্পনা গ্রহণ করা যেতে পারে। পরিকল্পনা ও উন্নয়ন শাখা থেকে ভৌত সুবিধাদি, স্থাপনা ও আর্থিক পরিকল্পনা প্রণয়নের পাশাপাশি রেজিস্ট্রীর সাথে নিবিড় সম্পর্কের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের কাজের দক্ষতা ও মান উন্নয়নের লক্ষ্যে কর্মী উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে আরও উদ্যোগী ভূমিকা পালন করা যেতে পারে।

পরিশেষে কৃষি শিক্ষার সর্বোচ্চ বিদ্যাপীঠ ঐতিহ্যবাহী জাতীয় প্রতিষ্ঠান বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় মানব সম্পদ উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের অংশীদার হিসাবে জাতীয় প্রত্যাশা পূরণের লক্ষ্যে গৌরবোজ্জ্বল অধ্যায়ের সূচনা করুক— এই হোক আমাদের সকলের ঐকান্তিক প্রত্যাশা।

(সমাপ্ত)

১৮০ ১৯০